Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 25 May, 2025

চট্টগ্রামের মিরসরাইয়ে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব-৭) অভিযানে ৩০ কেজি গাঁজা ও ১শ বোতল ফেনসিডিলসহ দুই মাদক কারবারিকে গ্রেপ্তার করা হয়েছে। এ সময় মাদক পরিবহনে ব্যবহৃত একটি পিকআপও জব্দ করেছে র‍্যাব।

রবিবার (২৫ মে) গণমাধ্যমে পাঠানো এক প্রেসবিজ্ঞপ্তিতে র‍্যাব এ তথ্য নিশ্চিত করেছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, শনিবার (২৪ মে) র‍্যাব-৭ এর একটি আভিযানিক দল মিরসরাই থানার মঘাদিয়া ইউনিয়নের সরকারটোলা এলাকায় চট্টগ্রাম-ঢাকা মহাসড়কে একটি অস্থায়ী চেকপোস্ট বসিয়ে তল্লাশি চালায়।তল্লাশির সময় একটি সন্দেহজনক পিকআপ থামালে, তাতে থাকা দুই ব্যক্তি পালানোর চেষ্টা করে।র‍্যাব সদস্যরা ধাওয়া করে তাদের আটক করতে সক্ষম হন।

পরবর্তীতে তাদের স্বীকারোক্তি মতে পিকআপে থাকা দুটি বস্তা থেকে নীল ত্রিপলে মোড়ানো অবস্থায় ৩০ কেজি গাঁজা ও ১শ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা স্বীকার করেন, দীর্ঘদিন ধরে কুমিল্লার সীমান্তবর্তী এলাকা থেকে মাদক সংগ্রহ করে চট্টগ্রামে বিক্রি করে আসছিলেন।

আটক দুই আসামি ও উদ্ধারকৃত মাদক পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য মিরসরাই থানায় হস্তান্তর করা হয়েছে বলে জানায় র‍্যাব।

গাঁজা ফেনসিডিল মাদক কারবারি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 14:49

URL: https://www.timestodaybd.com/chittagong/292584037